

গ্রামাঞ্চলে স্কুল ব্যাংকিংয়ে অন্তর্ভুক্তির হার কম

নিজস্ব প্রতিবেদক >

স্কুল ব্যাংকিং কার্যক্রমের আওতায় খোলা ব্যাংক হিসাবের ৪২ শতাংশই নারী শিক্ষার্থীদের। মোট আমানতের ৪৪ শতাংশও তাদের। বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের অংশ হিসেবে খোলা স্কুল ব্যাংকিং হিসাবের মার্চ ত্রৈমাসিক প্রতিবেদন থেকে এ তথ্য পাওয়া গেছে। এবারই প্রথম এই প্রতিবেদনে শহর ও পল্লী অঞ্চলের ব্যাংক শাখার ছাত্র-ছাত্রীদের হিসাবসংখ্যা ও আমানতের স্থিতি আলাদাভাবে উপস্থাপন করেছে বাংলাদেশ ব্যাংক। প্রতিবেদনে দেখা যায়, চলতি বছরের মার্চ পর্যন্ত সারা দেশে ৫৭টি ব্যাংকের মাধ্যমে একটি ছাত্র অন্যান্য ব্যাংকে ১৩ লাখ ৭৪ হাজার ৪৪৩টি স্কুল ব্যাংকিং হিসাব খোলা হয়েছে। যার মধ্যে শহরের ব্যাংক শাখাগুলোতে ৮ লাখ ২৭ হাজার ৪০২টি হিসাব রয়েছে। আর পল্লী এলাকার শাখাগুলোতে অ্যাকাউন্ট রয়েছে ৫ লাখ ৪৭ হাজার ৪১টি। শহর ও পল্লী এলাকার স্কুল ব্যাংকিং হিসাবের অনুপাত ৬০:৪০ শতাংশ। শহরের হিসাবগুলোতে টাকার পরিমাণও বেশি। জমাকৃত আমানতের ৭৪.৩৯ শতাংশ শহরের শাখাগুলোতে এবং ২৫.৬১ শতাংশ পল্লী শাখায়।

এ ছাড়া মোট হিসাবের মধ্যে ৫৮ শতাংশ ছাত্রদের, ৪২ শতাংশ ছাত্রীদের। মোট টাকার ৫৬ শতাংশ ছাত্রদের, ৪৪ শতাংশ ছাত্রীদের। প্রতিবেদনে বাংলাদেশ ব্যাংক বলেছে, গ্রামাঞ্চলের ব্যাংক শাখার মাধ্যমে খোলা স্কুল ব্যাংকিং হিসাবের তুলনায় শহরাঞ্চলের ব্যাংক শাখার মাধ্যমে খোলা হিসাবের সংখ্যা প্রায় ৫০ শতাংশ বেশি। ব্যাংকের জমার ক্ষেত্রে গ্রামাঞ্চলের তুলনায় শহরাঞ্চলের জমার পরিমাণ প্রায় ২০০ শতাংশ বেশি। অর্থাৎ শহরাঞ্চলের তুলনায় গ্রামাঞ্চলে স্কুল ব্যাংকিংয়ের মাধ্যমে



আর্থিক অন্তর্ভুক্তির হার কম। প্রতিবেদন ঘেটে দেখা যায়, স্কুল ব্যাংকিং হিসাব খোলায় শীর্ষে রয়েছে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড। আর জমা টাকার স্থিতির দিক দিয়ে

হিসাবের প্রায় ১৬ শতাংশ। এ ছাড়া অগ্রণী ব্যাংকে এক লাখ ৭৮ হাজার ৫১৪টি, ডাচ-বাংলা ব্যাংকে এক লাখ ২৯ হাজার ৬৩১টি, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে ৯৯ হাজার ১৮৭টি



শীর্ষে রয়েছে ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড। ইসলামী ব্যাংকে অ্যাকাউন্টের সংখ্যা ২ লাখ ১৬ হাজার ৫৩৪টি, যা মোট

এবং উত্তরা ব্যাংকে ৮০ হাজার ৫৫১টি হিসাব রয়েছে। অন্যদিকে ডাচ-বাংলা ব্যাংকের স্কুল ব্যাংকিং হিসাবগুলোতে স্থিতি রয়েছে

ইসলামী ব্যাংক
বাংলাদেশ লিমিটেড

হিসাব খোলায় শীর্ষে
ইসলামী ব্যাংক



জমা টাকার স্থিতির
দিক দিয়ে শীর্ষে
ডাচ-বাংলা ব্যাংক

৩৬০ কোটি টাকা, যা মোট স্থিতির প্রায় ৩৩ শতাংশ। এর বাইরে ইসলামী ব্যাংকে ১০৭ কোটি টাকা, ইস্টার্ন ব্যাংকে ৯৫ কোটি টাকা, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংকে ৫৭ কোটি টাকা এবং রূপালী ব্যাংকে ৫০ কোটি টাকা জমা হয়েছে। নির্দেশনা অনুযায়ী ৬ বছরের ওপরে এবং ১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীরা এ হিসাব খুলতে পারে। হিসাব খুলতে কমপক্ষে ১০০ টাকা জমা দিতে হয়। ছাত্র-ছাত্রীর পক্ষে তার পিতা-মাতা অথবা আইনগত অভিভাবক এ হিসাব পরিচালনা করে থাকেন। এ হিসাব খুলতে অন্যান্য হিসাবের মতো নির্দিষ্ট ফরম রয়েছে। প্রসঙ্গত, ছোটবেলা থেকেই সঞ্চয়ের মনোভাব গড়ে তুলতে ২০১০ সালে স্কুল ব্যাংকিং হিসাব খোলার নির্দেশনা দেয় বাংলাদেশ ব্যাংক। শিক্ষার্থীদের পরবর্তী জীবনে আর্থিক সচ্ছলতা নিশ্চিত ও শিক্ষার ব্যয় নির্বাহ সহজ করাও এর অন্যতম লক্ষ্য।

ব্যান্কেইস	
পরিচালকের বার্ষিক	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি ডি.বি.বি.	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
সি.এ.	
স্বাক্ষর/আত্মস্বাক্ষর	
স্বাক্ষর	